

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নান্দাইল, ময়মনসিংহ।
www.nandail.mymensingh.gov.bd

স্মারক নং-৫.৪৫.৬১৭২.০০৩.১৪.০২৪.২১.৪২৩


তারিখ: ২৯ জ্যেষ্ঠ ১৪৩০
১২ জুন ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর জুডিসিয়াল মুন্সিখানা শাখার ১৭ মে ২০২৩ তারিখের ০৫.৪৫.৬১০০.০১০.১৬.০১৮.২১-২৯৫ নং স্মারকে প্রাপ্ত পত্র এবং নান্দাইল মডেল থানার মামলা নং-১৯, তারিখ- ১৯.০৫.২০১৮ খ্রি. তারিখের এজাহার মতে, এসআই (নিঃ) মোহাম্মদ আঃ ছাত্তার নান্দাইল মডেল থানা ময়মনসিংহ সংগীয় অফিসার ও ফোর্সসহ নান্দাইল মডেল থানার সাধারণ ডাইরী নং-৯৩৫ তারিখ ১৯/০৫/১৮খ্রিঃ মূলে নান্দাইল মডেল থানার মামলা নং-১৮ তারিখ- ১৮/০৫/১৮খ্রিঃ এবং এজাহার নামীয় শ্রেফতারকৃত আসামী মোঃ ইমনকে জিজ্ঞাসাবাদে তার দেওয়া তথ্যের ভিত্তিতে উক্ত মামলার এজাহার নামীয় পলাতক আসামী প্রাপ্তকে শ্রেফতারের জন্য নান্দাইল থানার জিডি নং-৯২৯ তাং-১৮/০৫/২০১৮খ্রিঃ মূলে রওনা হয়ে নান্দাইল থানা এলাকায় রাত্রীকালীন জরুরি ডিউটিতে নিয়োজিত এসআই মোঃ ফিরোজ আহমেদসহ সংগীয় ফোর্স এবং নান্দাইল থানার জিডি নং-৯৩০, তাং- ১৮/০৫/১৮খ্রিঃ রাত্রীকালীন রনপাহাড়ায় নিয়োজিত এসআই মোঃ বুলবুল হোসেনসহ সংগীয় ফোর্স উক্ত আসামীর দেওয়া তথ্য অনুযায়ী ১৯/০৫/২০১৮ তারিখ রাত আনুমানিক ২.৩০ ঘটিকার সময় নান্দাইল চৌরাস্তা হইতে তাড়াইলগামী রোডের খলাপাড়া ইদগাহ মাঠের নিকটবর্তী হওয়া মাত্র আসামীর সহযোগী পলাতক আসামী প্রাপ্ত তার সহযোগি অজ্ঞাতনামা ১০/১২ জন সন্ত্রাসী নিয়ে বেআইনী জনতাবন্ধে মারাত্মক অস্ত্র-সস্ত্র সজ্জিত অবস্থায় রাস্তার উভয় পাশ হইতে অতর্কিতভাবে পুলিশের উপর আক্রমণ করে পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে সরকারি কাজে বাধা প্রদান করেন। তখন পুলিশ গাড়ী থেকে নেমে সন্ত্রাসীদের আটকের চেষ্টা করলে সন্ত্রাসীরা লক্ষ্য করে গুলিবর্ষণ করতে থাকে এবং আসামী ইমনকে ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। ঐ সময়ে হেফাজতে থাকা আসামী ইমন পুলিশ কং/৩৩৮ মোজার হোসেনকে ধাক্কা মেরে পাশিয়ে যাওয়ার চেষ্টা করে। তখন পুলিশ আসামীকে শ্রেফতারের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে নিজেদের জানমাল ও সরকারি সম্পত্তি রক্ষার্থে নিজ নিজ ইস্যুকৃত শটগান হতে ১। কং/৯০৭ মোহাম্মদ আলী (নান্দাইল থানা) তার নামে ইস্যুকৃত শটগান হতে ০৫(পাঁচ) টি রাবার, ২। কং/৩৩৮ মোজার হোসেন ০২ (দুই) টি রাবার এবং ৩। কং/৬৮০ মোঃ হারুন অর রশীদসহ (নান্দাইল থানা) নিজ নামে ইস্যুকৃত শটগান হতে ০৫(পাঁচ) টি রাবার কার্তুজ মোট ১২(বার) টি রাবার কার্তুজসহ ফায়ার করে সন্ত্রাসীদের শ্রেফতার করতে সক্ষম হয়।

বর্ধিত গুলি বর্ষণের ঘটনার বিষয়ে আগামী ২১/০৬/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গণতনানী গ্রহণসহ বর্ধিত গুলি বর্ষণের ঘটনার নির্বাহী তদন্ত কার্য অনুষ্ঠিত হবে। বর্ধিত এই ঘটনার বিষয়ে কারো কোন বক্তব্য থাকলে কিংবা এতদবিষয়ে কেউ শুনানী দিতে ইচ্ছুক হলে বর্ধিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হাজির থেকে বক্তব্য প্রদান ও শুনানীতে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জনস্বকৃতপূর্ণ।


(মোহাম্মদ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
নির্বাহী ম্যাজিস্ট্রেট
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারক নং-৫.৪৫.৬১৭২.০০৩.১৪.০২৪.২১.৪২৩

তারিখ: ২৯ জ্যেষ্ঠ ১৪৩০
১২ জুন ২০২৩

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)। সদয় অবগতি/নিজ নিজ অফিস/অধিক্ষেত্রে গণবিজ্ঞপ্তি জনস্বার্থে নোটিশ বোর্ডে টানিয়ে/বহুল প্রচারের অনুরোধসহ।

- ১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।

- ৩। পুলিশ সুপার, ময়মনসিংহ। বর্ণিত ঘটনার সাথে সংশ্লিষ্ট আপনার অধীনস্থ/আওতাভুক্ত সংশ্লিষ্টগণকে (যদি থাকে) হাজির থাকার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
- ৫। মেয়র, নান্দাইল পৌরসভা নান্দাইল, ময়মনসিংহ। গণবিজ্ঞপ্তি অনুগ্রহ পূর্বক আপনার অধীনস্থ/আওতাভুক্ত সংশ্লিষ্টগণকে (যদি থাকে) হাজির থাকার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৬। সহকারি কমিশনার (ভূমি), নান্দাইল, ময়মনসিংহ। আপনার অধীনস্থ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নিজ নিজ অফিস/অধিক্ষেত্রে গণবিজ্ঞপ্তি জনস্বার্থে নোটিশ বোর্ডে টানিয়ে/বহুল প্রচারের অনুরোধসহ।
- ৭। ডাইস চেয়ারম্যান/ডাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
- ৮। উপজেলা.....কর্মকর্তা (সকল)/ সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল, ময়মনসিংহ। এ গণবিজ্ঞপ্তি এ অফিসের নান্দাইল উপজেলার নিজ নিজ অফিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। অফিসার ইনচার্জ, নান্দাইল মডেল থানা, ময়মনসিংহ। বর্ণিত ঘটনার সাথে সংশ্লিষ্ট আপনার অধীনস্থ/আওতাভুক্ত সংশ্লিষ্টগণকে (যদি থাকে) হাজির থাকার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ১০। চেয়ারম্যান (সকল), ইউ,পি, নান্দাইল। আপনার অফিসের ওয়েবসাইটে, নোটিশ বোর্ডে টানানো এবং ইউ.পি সদস্য/সচিবগণকে অবহিতকরণসহ গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) নান্দাইল, ময়মনসিংহ। আপনার অফিসের ওয়েবসাইটে, নোটিশ বোর্ডে টানানোসহ নিজ নিজ অধিক্ষেত্রে গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ১২। জনাব
- ১৩। নোটিশ বোর্ড/অফিস কপি।


 ২৫/০৬/১৯
 উপজেলা নির্বাহী অফিসার
 নান্দাইল, ময়মনসিংহ।